

নিউজ লেটার

বাংলাদেশ পদার্থবিজ্ঞান সমিতি



www.bdphso.org



A News letter of



Bangladesh Physical Society

Executive Board of Bangladesh Physical Society (2022-2023)

President



Prof. Dr. Mesbahuddin Ahmed
Bangladesh Accreditation Council



Prof. Dr. A. T. M. kaosar Jamil
Department of Physics, DUET

Vice-Presidents



Prof. Dr. Golam Mohammed Bhuiyan
Department of Theoretical Physics
University of Dhaka



Prof. Dr. A. K. M. Moinul Haque Meaze
Department of Physics
University of Chittagong



Dr. A. K. M. Abdul Hakim
Department of Nanomaterials and
Ceramic Engineering, BUET



Prof. Dr. Ishtiaque M. Syed
Department of Physics
University of Dhaka

Treasurer



Dr. Mohammad Khurshed Alam
Department of Physics, BUET



Prof. Dr. Md. Nure Alam Abdullah
Department of Physics
Jagannath University

General Secretary



Dr. Mohammad Nazrul Islam Khan
Bangladesh Atomic Energy Commission



Prof. Dr. Abdullah Shams Bin Tariq
Department of Physics
University of Rajshahi

Joint Secretary



Prof. Dr. Jahirul Islam Khandaker
Department of Physics
Jahangirnagar University



Prof. Dr. M. Mizanur Rahman
Department of Physics
University of Dhaka

Information & Publication Secretary



Dr. Harinarayan Das
Bangladesh Atomic Energy Commission



Prof. Dr. Mohammad Hamidur Rahman Khan
Department of Arts & Science
AUST

Members



Prof. Dr. Md. Abu Hashan Bhuiyan
VC (Acting), UITS



Dr. Mohammad Amirul Islam
Chief Scientific Officer
Bangladesh Atomic Energy Commission



Prof. Dr. Shibendra Shekher
Department of Physics, KUET



Dr. Md. Abul kashem
Bangladesh Council of Scientific and
Industrial Research (BCSIR)



Prof. Dr. M. Khalilur Rahman Khan
Department of Physics
University of Rajshahi



Dr. Mohammad Abdur Rashid
Jashore University of Science and
Technology



Dr. Md. Masud Rana
Department of Physics
Mohammadpur Kendriya University
College, Dhaka

Obituary

Bangladesh Physical Society records its deep sense of sorrow and loss at the demise of the following noted personalities:



**Prof. Ajoy Roy
(1935 –2019)**

Bangladesh Physical Society deeply mourns the death of our beloved fellow, ex-president Professor Ajoy Roy who passed away on 25 November 2019. Ajoy Roy was a professor of physics, Department of physics, University of Dhaka. He was one of the eminent educationists and scientist in Bangladesh. Born in Dinajpur on March 1, 1935, Prof Ajoy received his bachelor's degree and master's degree from University of Dhaka and took his Doctor of Philosophy degree in physical chemistry from Leeds University of England. A freedom fighter, Ajoy also participated in the Language Movement of 1952, the mass uprising of 1969, and the non-cooperation movement of 1970. He contributed as a columnist to the national newspapers of Bangladesh. In 2012, he was awarded the Ekushey Padak, the highest civilian award of Bangladesh. He was a president of Bangladesh Physical society. He was written list of the prominent books including Biggan O Darshan, Podhartho Bidya, Bangla Academy Biggan Kosh etc. His scholarly works in Science and selfless love for his country remain as a source of inspiration to all generation.



**Prof. M. Ali Asgar
(1939 – 2020)**

We have also lost our honorable fellow, ex-president of Bangladesh Physical Society, Prof. M. Ali Asgar who breathed his last on 6th July 2020. Prof. M. Ali Asgar was a professor of physics, Department of physics, Bangladesh University of Engineering and Technology. He was born in Sirajgonj on 8th February 1939, then he received his bachelor's degree and master's degree from University of Dhaka and took his Doctor of Philosophy degree in physics from Southampton University, England. He was playing a key role for creating Dhaka Materials Science Group with the collaboration of Uppsala University, Sweden, and International Science Program (ISP). In addition to research and teaching, he devoted himself to the use of various

institutional arrangements and publications to create an environment for scientific research, to build a movement for the practice of innovative science, and to make science easy and popular. He was a familiar science writer and a columnist of the national newspapers of Bangladesh.

**Dr. Dilip Kumar Saha
(1959-2020)**



Dr. Dilip Kumar Saha was a scientist and chairman of Bangladesh Atomic Energy Commission, having previously served as the director of the Atomic Energy Centre in Dhaka. He as was born in Manikganj in 1959. He joined the Atomic Energy Centre at Dhaka in 1983 as a scientific officer after obtaining his MSC degree from Department of Applied Physics at University of Dhaka. He received his PhD degree from University of Tsukuba, Japan. He was a secretary of Bangladesh Physical society. He was died in 24 August 2020 at the age of 62.



**Prof. M. Harun-ar-Rashid
(1933 – 2021)**

Prof. A. M. Harun-ar-Rashid was a distinguished Bangladeshi physicist and an esteemed Professor of Physics at the University of Dhaka. Was born in Barisal district on 1933. Prof. Rashid achieved academic excellence, obtaining his BSc and MSc in physics from the University of Dhaka in 1953 and 1954 respectively. He later pursued his PhD in theoretical physics from the University of Glasgow in 1960. Rashid embarked on his academic journey as a lecturer in the Department of Physics at the University of Dhaka. Over time, he ascended the ranks to become a full professor in 1972. He played a pivotal role in establishing and chairing the Department of Theoretical Physics at the University of Dhaka in 1975, where he later assumed the role of departmental chairman in 1979. His dedication and contributions to academia were further acknowledged when he was bestowed the title of

Bose Professor of Physics in 1993. Additionally, He served as a senior scientific officer and principal scientific officer at the Bangladesh Atomic Energy Commission from 1962 to 1967. He was an accomplished author, producing over twenty textbooks in both English and Bengali that spanned undergraduate and graduate levels, covering diverse branches of physics. These texts played a crucial role in promoting education in the Bengali language. His scholarly impact was met with recognition; he received the Ekushey Padak, the second highest civilian award in Bangladesh, in 1991 for his educational contributions. In 2009, his exceptional dedication to science, scholarly publications, and overall influence led to him being honored with the Independence Award, the highest civilian accolade. His impact reverberated internationally, as he was elected as a Fellow of Third World Academy of Sciences (TWAS) in 1990 and was designated as the "Bose Professor" for the period 1992-95, in addition to being appointed a UGC Professor. A. M. Harun-ar-Rashid's profound contributions to physics, academia, and education have left an indelible mark on both his home country of Bangladesh and the global scientific community. He was died on 9th October 2021.



Prof. Hiranmay Sen Gupta
(1934 –2022)

Prof. Hiranmay Sen Gupta was a distinguished Bangladeshi physicist renowned for his expertise in nuclear physics was born on 1st August 1934 in Barisal. His academic journey led him to obtain a Ph.D. in nuclear physics from the University of London in 1963, under the guidance of Joseph Rotblat. Remaining in the United Kingdom, Sen Gupta conducted postdoctoral research at the Nuclear Physics Laboratory of the University of Oxford from 1973 to 1976, and later at the Department of Physics at the University of Birmingham from 1981 to 1982. He brought his wealth of knowledge back to his homeland, becoming a professor of physics at the University of Dhaka, where he taught and contributed significantly from 1955 to 2000. Prof. Hiranmay Sen Gupta passed away on 8 January 2022, at the age of 87 in Dhaka.



Prof. Lalit Mohan Nath
(1935 – 2016)

Prof. Lalit Mohan Nath was a distinguished Bangladeshi nuclear physicist and an accomplished professor in the Department of Physics at the University of Dhaka. Nath's academic journey began B.Sc. (Hons.) and M.Sc. degree in physics. Further enriching his knowledge, Professor Nath embarked on an academic venture to the University of Edinburgh and awarding of his Ph.D. in theoretical physics in 1964. Nath's journey in academia led him back to the University of Dhaka, where he joined in 1972, contributing significantly until his retirement in 2001. He dedicated his time and expertise to the Bangladesh Atomic Energy Commission, where he served as a senior scientific officer from December 1964 to December 1966. Lalit Mohan Nath's profound impact on the field of nuclear physics, and academia endeavors is a testament to his dedication and expertise. His legacy continues to inspire and shape the academic and cultural landscape of Bangladesh and beyond. He was died on 2th July 2016.



Dr. A. K. M. Abdul Hakim
(1953-2023)

Dr. AKM Abdul Hakim, a pioneering nanotechnology scientist of the country, He had previously served as the Director of the Bangladesh Atomic Energy Commission (BAEC) and held the position of a visiting professor at the Department of Nanomaterials and Ceramic Engineering at Bangladesh University of Engineering and Technology (BUET). Over his extensive career, he held visiting fellow positions at esteemed organizations such as the Indian Institute of Science (IISc) and Jawaharlal Nehru Centre for Advanced Scientific Research (JNCASR) in Bangalore, India. He further expanded his academic influence at the Vietnam Academy of Science in Hanoi, Vietnam, and the International Science Programme (ISP) of Uppsala University in Sweden. Beyond his scientific endeavors, Dr. Hakim also assumed the role of Vice-President of the Bangladesh Physical Society, further emphasizing his dedication to advancing scientific knowledge and collaboration. He passed away on 22th June 2023.

জাতির পিতা বঙ্গবন্ধু

শ্রদ্ধাঞ্জলী



লেখক: অধ্যাপক ড. শিবেন্দ্র শেখর শিকদার
খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

প্রাকৃতিক নিয়ম অনুযায়ী একজন প্রতিভাবান শিল্পী কিংবা বিখ্যাত কবি বা বিজ্ঞানী হওয়া যত কঠিন তার চেয়ে অনেক বেশি কঠিন একজন প্রতিভাবান প্রগতিশীল রাজনৈতিক নেতা হওয়া। আজ থেকে শত বৎসর পূর্বে বাংলার পূর্ণভূমিতে ১৯২০ সালের ১৭ই মার্চ গোপালগঞ্জের টুঙ্গিপাড়ার গ্রামে শেখ লুৎফর রহমান ও সায়েরা খাতুনদের প্রথম পুত্র সন্তান জন্ম নিলেন বাঙালী জাতির পথ প্রদর্শক, বাংলাদেশের স্বপ্নদ্রষ্টা, মুক্তিযুদ্ধের মহানায়ক হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। শৈশবকাল থেকেই বঙ্গবন্ধু একজন ব্যতিক্রমী মানুষ তা প্রকাশ পায়, শিশুকালে অসুস্থ সহপাঠীকে নিজের ছাতা দিয়ে বৃষ্টি ভেজা থেকে রক্ষা করা, বৃদ্ধার শীত নিবারনের জন্য নিজের গায়ের চাদর দেওয়া এবং নিরন্ন অভাবী মানুষদের গোলার ধান দান করার বিষয়গুলো। তিনি শিশুকাল থেকে তার পিতার স্পষ্টভাবী ও ন্যায়-পরায়ণ ব্যক্তিত্ব ধারণ করেন এবং কোন প্রকার অন্যায়ের কাছে মাথানত করা শেখেননি, কিন্তু তার মায়ের প্রতি অত্যন্ত শ্রদ্ধাশীল ছিলেন। ইতিহাস পর্যালোচনা করলে বোঝা যায় মাতৃভক্ত সন্তানরা জীবনে প্রতিষ্ঠা লাভ করে। বঙ্গবন্ধু তাঁর মায়ের অসীম দোয়ায় জীবনের উল্লতির সর্বোচ্চ শিখরে পৌঁছে উপহার দিয়েছেন বাঙালী জাতির মুক্তি ও একটি স্বাধীন সার্বভৌম রাষ্ট্র "বাংলাদেশ"। তিনি স্কুল জীবনে ছিলেন খেলাধুলা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের একজন অক্লান্ত কর্মী এবং তাঁর পাঠ্য বইয়ের মধ্যে ইতিহাস বিষয় ছিল অত্যন্ত প্রিয়। গৌরবময় কাহিনী পড়ে যেমন রোমাঞ্চিত হয়ে উঠতেন তৎসঙ্গে দীর্ঘদিন ব্রিটিশ শাসনের ছত্রছায়ায় বাংলার মানুষের শোষিত, লাঞ্চিত, অবহেলিত ও দুর্ভোগে দুর্দশা তাঁকে বিদোহী করে তুলেছিলো।

কিশোর মুজিব রাজনৈতিক চিন্তাধারায় অনুপ্রাণিত হন হোসেন শহীদ সোহরাওয়ার্দীর সংস্পর্শে। পিতার ইচ্ছা ছিল একজন আইনজীবী হবে মুজিব কিন্তু রাজনীতিবিদ হতে চাওয়া ছেলেকে কখনও সেরে আসার কথা বলেননি। ১৯৩৬ সালে ব্রিটিশ বিরোধী আন্দোলন থেকে এবং ১৯৩৮ সালে বাংলার মুখ্যমন্ত্রী শের-এ-বাংলা এ.কে. ফজলুল হক ও শ্রমমন্ত্রী সোহরাওয়ার্দীর গোপালগঞ্জ জনসভায় স্বেচ্ছাসেবক বাহিনী গঠনের মাধ্যমে তার রাজনৈতিক কর্মকান্ড শুরু। ১৯৪২ সালে প্রাপ্তবয়স্ক একজন বাস্তববাদী ও বুদ্ধিদীপ্ত তরুণ শেখ মুজিব স্বৈরাচারী ব্রিটিশ শাসন ও জমিদার প্রথার অত্যাচার, অবিচার, নির্যাতনের বিরুদ্ধে নিরীহ বাঙালীদের মুক্তির লক্ষ্যে তৎকালীন রাজনৈতিক দল মুসলিমলীগে যোগদান করেন। ১৯৪৭ সালে বি.এ. ডিগ্রীর পর হোসেন শহীদ সোহরাওয়ার্দী একমাত্র প্রিয়পাত্র রাজনীতির গভীর থেকে গভীরে ঢুকে যান একান্ত সহচর হিসেবে। ১৯৪৮ সালের ২৩শে ফেব্রুয়ারী পাকিস্তান গণ পরিষদে ধীরেন্দ্র নাথ দত্ত উত্থাপিত বাংলাকে রাষ্ট্রভাষা করার দাবী সমর্থন করেন এবং বাংলার সন্তানদের মায়ের ভাষার অমর্যাদা সহ্য করা হবে না বলে ভাষা আন্দোলন শুরু করেন। ভাষা আন্দোলনে নেতৃত্ব দেওয়ার অপরাধে ১৯৪৮ সালে ১১ই মার্চ জেলে যেতে হয়। ১৯৪৮ সালের ৪ঠা জানুয়ারী মুসলিম ছাত্রলীগ এবং ২৩শে জুন আওয়ামী মুসলিম লীগ নামে নতুন রাজনৈতিক দলের অন্যতম সহ-সম্পাদক হন। পরবর্তীতে জাতি ধর্ম নির্বিশেষে বাংলার কৃষক শ্রমিক, ছাত্র ও আপামর জনতাকে নিজ দলের আনার জন্য মুসলিম শব্দ কর্তন করে ছাত্রলীগ এবং আওয়ামীলীগ নামে দল গঠনের নেতৃত্ব দেন। কারণ তিনি ছিলেন ছাত্রলীগের প্রগতিশীল অংশের নেতা। ১৯৫৩ সালে নবগঠিত আওয়ামীলীগের সাধারণ সম্পাদক নির্বাচিত হন। ১৯৫২ সালে রক্তঝরা ভাষা আন্দোলনে নেতৃত্ব ও পূর্ণ সমর্থনের জন্য জেলে যেতে হয় বঙ্গবন্ধুকে। ভাষা আন্দোলনের মাধ্যমে বাংলার জনগণের জাতীয়তাবাদী চেতনার সৃষ্টি হয় এবং ১৯৫৪ সালের নির্বাচনে মুসলিমলীগকে পরাজিত করে যুক্তফ্রন্ট জয়ী হয় ২১ দফা দাবীর মাধ্যমে। ২১ দফার দাবীর মধ্যে বাংলাদেশের 'পূর্ণাঙ্গ' স্বায়ত্তশাসন ও বাংলাকে রাষ্ট্রভাষা দাবী ছিল। বিজয়ী যুক্তফ্রন্ট সরকারের বঙ্গবন্ধু প্রাদেশিক পরিষদের সদস্য হিসেবে কনিষ্ঠ মন্ত্রী পরিষদের সদস্য নির্বাচিত হন। তৎকালীন পাকিস্তান সরকারের জনবিরোধী চক্রান্তের কারণে মন্ত্রীসভা ভেঙ্গে ফেলা হয় এবং ১৯৫৬ সালে বঙ্গবন্ধু পুনরায় প্রাদেশিক কেবিনেট সদস্য নির্বাচিত হন এবং একজন পূর্ণ মন্ত্রী নিযুক্ত হন। বাঙলার জনগনের অধিকার আদায়ের ব্যাপারে আত্মনিয়োগ করার জন্য ১৯৫৭ সালে কেবিনেট ত্যাগ করে আওয়ামী লীগের সক্রিয় সদস্য হিসেবে আবির্ভাব হন। ১৯৫৮ সালে প্রথমে জেনারেল ইক্সান্দার

মির্জা এবং কিছুদিন পর ফিল্ড মার্শাল জেনারেল আয়ুব খান সামরিক অভ্যুত্থানে ক্ষমতা গ্রহণ করে এবং বঙ্গবন্ধুকে গ্রেফতার করে ও ১৪ মাস নিঃসঙ্গ কারাবাস ভোগ করান।

১৯৬২ সালে ১লা ফেব্রুয়ারী স্বৈরশাসক আইয়ুব খান ঢাকায় এলে ছাত্ররা বিক্ষোভ প্রকাশ করে এবং পরবর্তীতে ওরা ফেব্রুয়ারী হোসেন শহীদ সোহরাওয়ার্দী এবং ৬ই ফেব্রুয়ারী শেখ মুজিবুর সহ আওয়ামী লীগের অনেক নেতা গ্রেফতার হয়। ১৯৬২ সালের সেপ্টেম্বরে শিক্ষা পুনঃগঠনের নামে তৎকালীন শিক্ষা সচিব শরীফের নেতৃত্বে শিক্ষা কমিশন গঠনের মূল উদ্দেশ্য ছিল তৎকালীন পূর্বপাকিস্তানের জন্য শিক্ষা সংকোচন নীতি গ্রহণ করা। অত্র অঞ্চলের ছাত্রসমাজ আন্দোলনের মাধ্যমে শরীফ শিক্ষা কমিশন রিপোর্ট প্রত্যাখ্যান করে তৎকালীন সরকার হামুদুর রহমান শিক্ষা কমিশন গঠন করেন কিন্তু রিপোর্টে সামান্য কিছু সংশোধন করার পর পুনরায় রিপোর্টটি পেশ করা হয়। পূর্বপাকিস্তান ছাত্র সমাজ রিপোর্ট প্রত্যাখ্যান করে এবং ১৭ সেপ্টেম্বর প্রদেশব্যাপী হরতাল পালন করে শিক্ষা কমিশনের বিরুদ্ধে। আন্দোলনরত ছাত্রদের ৩ জন নিহত এবং প্রায় দুই শতাধিক আহত হয়। বর্বরোচিত হামলার প্রতিবাদে ২৯ সেপ্টেম্বর সকল শিক্ষা প্রতিষ্ঠান ধর্মঘট পালিত হয় এবং ১৭ই সেপ্টেম্বর কে শিক্ষাদিবস হিসেবে পালন করার ঘোষণা দেওয়া হয়। হোসেন শহীদ সোহরাওয়ার্দীর মৃত্যুর পর বঙ্গবন্ধু ১৯৬৩ সালে বাঙালীর আত্মনিয়ন্ত্রণ অধিকার প্রতিষ্ঠার লক্ষ্যে আওয়ামীলীগকে শাসনতাত্ত্বিক সংগ্রাম শুরু এবং সকল বাধা অতিক্রম করে ১৯৬৬ সালে ৫ ফেব্রুয়ারী ঐতিহাসিক ৬ দফার উত্থাপন করেন এবং যার মধ্যে ছিল বাঙালী জাতির মুক্তির সনদ। ১৯৬৮ সালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল বাংলা বর্ণমালা বানান ও লিখন পদ্ধতি সংস্কারের উদ্যোগ নিলে তা বন্ধ করার জন্য ছাত্র সমাজের সহিত লেখক, বুদ্ধিজীবী, শিক্ষাবিদ ও সাংবাদিকদের আন্দোলনের সাথে সংহতি প্রকাশ করেন বঙ্গবন্ধু। একই বছর ২সেপ্টেম্বর ঢাকা বিশ্ববিদ্যালয় সংস্কৃতি সংসদ বর্ণমালা ও বানান সংস্কারের বিরুদ্ধে সতর্ক থাকার ব্যাপারে উল্লেখ করেন, "মূলত বাঙালী সংস্কৃতির নয়া জাগরণ আজ সর্বত্র থাকা উচিত"। কারণ পাকিস্তান স্বাধীনতা লাভের পর থেকেই পাকিস্তান তমুদুন দোহাই পূর্বপাকিস্তানী সংস্কৃতির উপর আঘাত আসে। বাঙালী জাতির স্বাধিকার আন্দোলনের সকল পর্যায়ে বঙ্গবন্ধুর একচ্ছত্র সমর্থনের জন্য ১৯৬৮ সালে ১৭ই জুন বঙ্গবন্ধু সহ ৩৫ জন বাঙালী সেনা, নৌ সেনা, আকাশ সেনা ও পি.এস.সি অফিসারের বিরুদ্ধে আগরতলা ষড়যন্ত্র মালার বিচার শুরু করে তৎকালীন সামরিক সরকার। ১৯৬৯ সালে কেন্দ্রীয় ছাত্র সংগ্রাম পরিষদের ১১ দফা এবং আওয়ামীলীগের ৬ দফা মিলে ছাত্রজনতার প্রবল আন্দোলনের মুখে কেন্দ্রীয় সরকার আগরতলা ষড়যন্ত্র মামলা প্রত্যাহার এবং ২২ ফেব্রুয়ারী শেখ মুজিব মুক্তি পান। ২৩শে ফেব্রুয়ারী রেসকোর্স ময়দানে ছাত্র সংগ্রাম পরিষদের জনসভায় প্রায় ১০ লক্ষ ছাত্রজনতার সামনে তৎকালীন ডাকসুর ভিপি তোফায়েল আহমেদ আনুষ্ঠানিকভাবে "বঙ্গবন্ধু" উপাধিতে ভূষিত করে বাংলা ও বাঙালীর চিরকালের আত্মার আত্মীয় করে তুলেন শেখ মুজিবুর রহমানকে। ১৯৬৯ সালের ২৬শে মার্চ পূর্ববাংলায় গণ আন্দোলনের জন্য আইয়ুব খান ক্ষমতা থেকে সরে জেনারেল ইয়াহিয়া খানকে ক্ষমতা দেন এবং তিনি কঠোর সামরিক শাসন জারি করে এবং সেনাবাহিনীকে আবার ব্যারাকে ফিরে নেওয়ার জন্য ১৯৭০ সালে ৭ই ডিসেম্বর নির্বাচনের তারিখ ঘোষণা করেন। ১৯৭০ সালের নির্বাচনে বঙ্গবন্ধুর আওয়ামীলীগ জাতীয় পরিষদের ৩১৩ আসনের ১৬৭ আসন এবং প্রাদেশিক পরিষদের ৩০০ আসনের মধ্যে ২৯৮ আসন লাভ করে নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা অর্জন করে। ১৯৭১ সালের ৩রা জানুয়ারী বঙ্গবন্ধু জাতীয় ও প্রাদেশিক পরিষদের সদস্যদের জনতার নিকট শপথ করালেন ৬ দফা ১১ দফার ভিত্তিতে সমাজ গড়ার সংকল্প করান যাতে বাঙালীরা চিরকাল শোষণ ও নিপীড়ন থেকে মুক্তি পায়। ১৯৭১ সালের ৩রা জানুয়ারী থেকে ৩রা মার্চ পর্যন্ত নব নির্বাচিত জাতীয় ও প্রাদেশিক পরিষদের কাছে ক্ষমতা হস্তান্তরে পাকসামরিক জাভা সমস্ত দোষ বঙ্গবন্ধু ও বাংলার মানুষের উপর চাপিয়ে দেয়। ঐ সময় বাঙালী জাতির সমস্ত শোষণ, বঞ্চনা, পশ্চাৎপদতা ও পরাভব থেকে মুক্তি পাওয়ার জন্য ৭ই মার্চ ১৯৭১ বঙ্গবন্ধু ঘোষণা দেন "এবারের সংগ্রাম আমাদের মুক্তির সংগ্রাম, এবারের সংগ্রাম আমাদের স্বাধীনতার সংগ্রাম"। ৭ই মার্চের ঘোষণার পর সমগ্র বাঙালী জাতি দলমত নির্বিশেষে একমত হয়, "স্বাধীনতা ছাড়া স্বতন্ত্র জাতি হিসেবে পৃথিবীতে টিকে থাকার কোন উপায় নেই"। ২৫শে মার্চ কালরাতে নারকীয় হত্যাজঙ্কের ঘটনা অবহিত হওয়ার সাথে সাথে বঙ্গবন্ধু স্বাধীনতা ঘোষণা দেন এবং সর্বত্র বেতার, টেলিগ্রাম, টেলিফোনের মাধ্যমে তার সকল সহকর্মীদের নির্দেশ দেন। তার নির্দেশ অনুযায়ী ২৬শে মার্চ স্বাধীনবাংলা বেতার কেন্দ্র চট্টগ্রাম জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আবদুল হান্নানের কণ্ঠে বঙ্গবন্ধুর পক্ষে স্বাধীনতার ঘোষণা সমগ্র জাতির নিকট প্রতিধ্বনি হয় এবং শুরু হয় মুক্তিযুদ্ধ তথা স্বাধীনতা সংগ্রাম। নয় মাস সশস্ত্র মুক্তিযুদ্ধে ত্রিশ লক্ষ শহীদের প্রাণ, শত শত বুদ্ধিজীবীর

অমূল্য প্রাণ, দুই লক্ষ লাঞ্চিত মাবোনের দীর্ঘশ্বাস এবং এক সাগর রক্তের বিনিময়ে অর্জিত হয় বাঙালী জাতির চূড়ান্ত বিজয়। বঙ্গবন্ধুর দেশপ্রেম, সাহসিকতা ও আত্মত্যাগের মাধ্যমে ১৯৭১ সালের ১৬ই ডিসেম্বর অসাম্প্রদায়িক উদার মানবিক ও গণতান্ত্রিক চেতনার একটি বাংলা ভাষাভাষির জন্য "ভৌগলিক ভূখণ্ড"।

প্রকৃতি বিজ্ঞানের সাথে রাষ্ট্রবিজ্ঞানের পার্থক্য থাকা সত্ত্বেও বিশেষক্ষেত্রে মিল ছিল মানুষের সক্রিয় মন, মননশীলতা, স্বজ্ঞা ও চারিপাশের ঘটনামালাকে সাযুস্য রেখে বিভিন্ন পর্যায়ে আন্দোলনের মাধ্যমে বাঙালী জাতির মুক্ত আবাসভূমি ১০ই জানুয়ারী ১৯৭২ বঙ্গবন্ধু পা রাখেন মুক্ত স্বাধীন বাংলাদেশে। বঙ্গবন্ধুর স্বাধীন বাংলাদেশের অন্তর্নিহিত শৈল্পিক রূপকে অন্তরে অবধারণ করে নিজস্ব সৌন্দর্য বৃদ্ধি, প্রতিজ্ঞা, প্রত্যয়, ত্যাগ ও উদার মানসিকতার ফসল ১৯৭২ সালের সংবিধান রাষ্ট্র পরিচালনার চার মূলনীতি, "জাতীয়তাবাদ, সমাজতন্ত্র, গণতন্ত্র ও ধর্ম নিরপেক্ষতা"। বঙ্গবন্ধু লক্ষ্য অর্জনে সৎ এবং আন্তরিক ছিলেন বলে ১৯৭৩ সালের ৭ই মার্চ অনুষ্ঠিত নির্বাচনে নিজ দলকে বিপুল সংখ্যাগরিষ্ঠতা লাভ করান বাংলাদেশের আমজনতা এবং পাঁচ বছর রাষ্ট্র পরিচালনার দায়িত্ব পান। স্বাধীনতার মাত্র তিন বছরের মাথায় তিনি বিধিত বাংলাদেশের রাজনৈতিক অর্থনৈতিক স্থিতিশীলতা আনতে, মজদুর কৃষকদের অধিকার, শিক্ষা আধুনিকায়নের জন্য কুদরত-এ-খুদা শিক্ষা কমিশন, সামাজিক ন্যায়নীতি, মানুষের মধ্যে মানবিক মূল্যবোধ, খাদ্য স্বয়ং সম্পূর্ণ হওয়ার জন্য ১৯৭৫ সালের ২৫শে জানুয়ারী সংবিধানের ৪র্থ সংশোধনীর মন্ত্রী পরিষদের বদলে প্রেসিডেন্সিয়াল কাঠামো প্রবর্তন করে বঙ্গবন্ধু রাষ্ট্রপতি হিসাবে কার্যভার গ্রহণ করেন। বঙ্গবন্ধু স্বল্পতম সময়ের মধ্যে বাংলাদেশ জাতিসংঘের সদস্য, জোট নিরপেক্ষ গোষ্ঠীর সদস্য, কমনওয়েলথের সদস্য, ইসলামী সামিট এর সদস্য পাওয়া এবং বাঙালী জাতির সংগামী চেতনা, ত্যাগ, অসাম্প্রদায়িক

শান্তিময় বিশ্বগড়ার দৃষ্ট আহবানের ফসল। জাতিসংঘে প্রথমবার বাংলায় বক্তৃতা করে নিজ মাতৃভাষার মর্যাদা প্রমাণ করেন। আভ্যন্তরীণ ক্ষেত্রে ধ্বংসস্তুপ, বিশৃঙ্খল পরিবেশ এবং বিভক্ত আন্তর্জাতিক পরিমন্ডল, শক্তি মত্তায় লিপ্ত পরাশক্তি ও বৈরি পরিবেশের মধ্যে বাংলাদেশ যখন দৃঢ় প্রত্যয়ে অগ্রসরমান তখন ১৯৭৫ সালের ১৫ই আগস্ট ঘটে যায় ইতিহাসের জঘন্যতম ঘটনা "শুধু বঙ্গবন্ধুকে নয় তার সকল পরিবারের সদস্যদের নির্মমভাবে হত্যা করা হয়"। উল্লেখ্য তার দুই কন্যা জননেত্রী শেখ হাসিনা ও শেখ রেহানা বিদেশ থাকার কারণে বর্বর হায়নাদের হাত থেকে রক্ষা পান।

পরিশেষে রাষ্ট্র পরিচালনার ক্ষেত্রে বঙ্গবন্ধু হৃদয়ে ধারণ করতেন জাতি, ধর্ম, বর্ণ নির্বিশেষে রাষ্ট্র ও জনগণের প্রতি সমতা আনয়নের জন্য অর্থনৈতিক, বিজ্ঞানভিত্তিক ও কারিগরি ক্ষেত্রে পারস্পারিক সহযোগিতা এনে রাষ্ট্রকে শক্তিশালী ও সম্প্রসারিত করা। ইতিহাসের কার্যকরন বাস্তবায়ন করতে ভবিষ্যতের স্বপ্ন ও লক্ষ্য অর্জনের প্রতিজ্ঞা যা ঘটনামালাকে সংযোগ ঘটানোর জন্য

বঙ্গবন্ধু তাঁর প্রিয় কন্যা শেখ হাসিনাকে বিবাহ দিয়েছিলেন মেধাবী ছাত্র নেতা বিশিষ্ট পরমানু বিজ্ঞানী শেখ ওয়াজেদ মিঞার সাথে। আকাজ্জ্বার বাঙালীর স্বাধীনতার স্বপ্নদৃষ্টা ও অনন্য নেতারূপ বঙ্গবন্ধু দেখতে পারতেন তাঁর কন্যার মধ্যে। বাঙালী জাতির প্রতি ভালবাসা থেকে মুক্তিযুদ্ধের আদর্শ বাস্‌ডবায়নে বর্তমানে জননেত্রী শেখ হাসিনার গতিশীল নেতৃত্ব বাঙালী জাতিকে মধ্য আয়ের দেশ হিসেবে পৃথিবীতে অবস্থান করে নিয়েছে এবং ভবিষ্যতে উন্নত বিশ্বের কাতারে যাওয়ার অপেক্ষায় বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা সৃষ্টি হবে স্বাধীন প্রেরণা ও বাঙালী জাতিগঠনে অসাম্প্রদায়িক সম্মনিত চেতনায় উদ্ভাসিত হবে "জাতির পিতার শত বৎসর জন্ম বার্ষিকীর প্রধান শপথ"।



পদার্থবিজ্ঞানে নোবেল পুরস্কার-২০২১

Prof. Dr. Ishtiaque M. Syed

Department of Physics, University of Dhaka



ক্লাউস হাসেলম্যান (জার্মানি), সিউকুরো মানাবে (মার্কিন যুক্তরাষ্ট্র) এবং জর্জিও প্যারিসি (ইতালি) ২০২১ সালের পদার্থবিজ্ঞানে নোবেল পুরস্কার পেয়েছেন। ক্লাউস হাসেলম্যান ও সিউকুরো মানাবে পুরস্কারের অর্থমূল্য ১০ মিলিয়ন ক্রোনা-এর অর্ধেক এবং জর্জিও প্যারিসি বাকি অর্ধেক পেয়েছেন। তাঁদের সবার কাজই ফিজিক্যাল কমপে-ক্স সিস্টেম বা জটিল ভৌত ব্যবস্থা নিয়ে।

কোন স্থানের ৩০ বছরের বেশি সময়ের আবহাওয়া অর্থাৎ বায়ু, তাপ, বৃষ্টিপাত প্রভৃতির গড়কে জলবায়ু বলা হয়। জলবায়ুর মতো জটিল সিস্টেমের দীর্ঘমেয়াদী আচরণের ভবিষ্যদ্বাণী করা বেশ কঠিন। আমরা জানি, গ্রিনহাউস গ্যাস ক্রমবর্ধমানভাবে নির্গমন হচ্ছে। এর ফলে, আমাদের পৃথিবীতে কি

ধরনের প্রতিক্রিয়া সৃষ্টি হবে তা অনুমান করার জন্য কম্পিউটার মডেল এর বিকল্প নেই। এছাড়া কম্পিউটার মডেল এর সাহায্যে আমরা বৈশ্বিক উষ্ণায়ন প্রক্রিয়া বুঝতে পারি। সিউকুরো মানাবে জাপানে জন্মগ্রহণ করেন এবং এখন তিনি নিউ জার্সির প্রিন্সটন ইউনিভার্সিটির সিনিয়র আবহাওয়াবিদ হিসাবে কর্মরত আছেন। তিনি দেখিয়েছেন কিভাবে বায়ুমন্ডলে কার্বন ডাই অক্সাইডের মাত্রা বৃদ্ধির ফলে পৃথিবীর পৃষ্ঠের তাপমাত্রা বৃদ্ধি পেতে পারে। তিনি ১৯৬০-এর দশকে জলবায়ুর মডেল নিয়ে কাজ করা শুরু করেন এবং এই বিষয়ে গবেষকদের মধ্যে একজন পথিকৃৎ।

প্রায় এক দশক পরে, ক্লাউস হাসেলম্যান যিনি বর্তমানে জার্মানির হামবুর্গের ম্যাক্স প্ল্যাঙ্ক ইনস্টিটিউট ফর মেটিওরোলজিতে কর্মরত আছেন একটি কম্পিউটার মডেলের করেন এবং দেখান, আবহাওয়া পরিবর্তনশীল এবং বিশৃঙ্খল হওয়া সত্ত্বেও জলবায়ুর মডেল নির্ভরযোগ্য হতে পারে। তিনি নিশ্চিত ভাবে দেখান বৈশ্বিক তাপমাত্রা বৃদ্ধির কারণ মানুষ

অধ্যাপক প্যারিসির বর্তমানে রোমের স্যাপিয়েঞ্জা ইউনিভার্সিটিতে কাজ করছেন। তাঁর কাজ হল, স্পিন গ-স নামে একটি ধাতব সংকর ধাতু নিয়ে, যেখানে সামান্য কিছু লোহার পরমাণু এলোমেলোভাবে তামার পরমাণুর একটি গ্রিডে মিশ্রিত আছে। মাত্র কয়েকটি লোহার পরমাণু স্পিন গ্লাসের চৌম্বকীয় বৈশিষ্ট্যগুলিকে আমূল পরিবর্তন করে। অধ্যাপক প্যারিসি স্পিন গ-সের চৌম্বকীয় বৈশিষ্ট্যগুলি ব্যাখ্যা করার জন্য বিশৃঙ্খল জটিল সিস্টেমের অনেকগুলো প্রতিকল্প (replica trick) নিয়ে সবগুলোর গড় করেন। তবে গড় করার পূর্বে তিনি একটি নতুন প্যারামিটার যোগ করে প্রতিকল্প কৌশলটি সংশোধন করেন এবং সফল হন। তাঁর গবেষণা পারমানবিক থেকে গ্রহের সমান স্কেলে ব্যাবহার করা যায়। একসাথে, তাঁরা সহজ তত্ত্ব ব্যবহার করে দেখান কিভাবে এলোমেলো, বিশৃঙ্খল এবং জটিল ঘটনা উদ্ভূত হয় এবং সময়ের সাথে সাথে পরিবর্তিত হয়।



ন্যানো এনার্জি: ভবিষ্যৎ শক্তি সমস্যার সমাধান

ড. মোহাম্মদ নজরুল ইসলাম খান, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন

প্রায় ১৭ কোটি জনসংখ্যা অধ্যুষিত আমাদের এই বাংলাদেশ। প্রতিবছর এখানে শিল্প, বাণিজ্যিক, আবাসিক সহ বিভিন্ন খাতে বহুল পরিমাণ বিদ্যুৎ ও জ্বালানি ব্যবহৃত হয়। প্রচলিত শক্তির উৎস হিসেবে বর্তমান সময়ে প্রধানত তেল, গ্যাস, কয়লা ব্যবহৃত হচ্ছে। এই সকল শক্তির উৎসের বেশিরভাগই একবার ব্যবহার হয়ে গেলে তা পুনরায় ব্যবহার করা যায় না। শক্তির উৎপাদনের চেয়ে দ্রুততর ব্যবহার এবং এর পরিমাণের সীমাবদ্ধতার কারণে তা দ্রুত ফুরিয়ে যায়। ফলে আগামী দিনের শক্তির চাহিদা পূরণে আমাদেরকে হিমশিম খেতে হচ্ছে। শুধুমাত্র বাংলাদেশ নয়, পৃথিবীর সব দেশেই বর্তমান সময়ের সবচাইতে বড় দুশ্চিন্তা এই শক্তি সংকট। বিশ্বজুড়ে শক্তির চাহিদা ক্রমেই বেড়েই চলেছে আর দিন দিন বাড়বে। শক্তির এই ক্রমবর্ধমান চাহিদার দিককে গুরুত্ব দিতে হবে। আর কিভাবে বর্তমান শক্তির অভাব পূরণ করা যাবে ও ভবিষ্যৎ চাহিদার সঙ্গে তাল মিলিয়ে কিভাবে তার উৎপাদন বাড়ানো যায়, তা চিন্তা করা দরকার। এসব সমস্যার কথা মাথায় রেখে বিকল্প শক্তির উৎস খুঁজে বের করা অত্যন্ত জরুরী হয়ে পড়েছে। আর এই বিকল্প শক্তির উৎস হিসেবে আমাদের সামনে রয়েছে সূর্য। হ্যাঁ, সূর্যের আলো হতে পারে আমাদের প্রয়োজনীয় শক্তির যোগানদাতা। এই সূর্যের আলো হচ্ছে এক ধরনের শক্তি এবং আলোর কণাকে বলা হয় ফোটন। এই ফোটনকে সোলার সেল-এর মাধ্যমে সংগ্রহ করে আলোকশক্তিকে বিদ্যুৎ শক্তিতে রূপান্তরিত করা হয়। আপেক্ষিক অর্থে অফুরন্ত এই আলোকশক্তি পৃথিবীতে আসছে। এই শক্তিকে যদি ঠিকমতো কাজে লাগানো যায় তাহলে আমাদের শক্তি উৎপাদনের দুশ্চিন্তা কেটে যাবে। সোলার সেল হল এমন একটা ইলেকট্রনিক ডিভাইস যা সরাসরি সৌর শক্তিকে বিদ্যুৎ শক্তিতে রূপান্তরিত করে। সিলিকন জাতীয় সেমিকন্ডাক্টর ম্যাটেরিয়ালস দিয়ে এই সকল ফটোভোল্টাইক সেল তৈরি করা হয়। যখন সূর্যের আলো এই সেলের উপর এসে পড়ে তখন এই সকল সেমিকন্ডাক্টর ম্যাটেরিয়াল ফোটন শক্তি শোষণ করে নেয় এবং ইলেকট্রন মুক্ত হয়। এভাবে অনেকগুলো সেল মিলে একটি মডিউল এবং অনেকগুলো মডিউল মিলে সোলার প্যানেল তৈরি হয়, যা ব্যাটারীর মত কাজ করে। প্রচলিত ব্যাটারির ক্ষেত্রে ইলেকট্রন উৎপাদন হয় ক্যামিকলে হতে, যেখানে সোলার সেলের ক্ষেত্রে আলো হতে ইলেকট্রন উৎপাদন করা হয়। বিদ্যুতের অপ্রতুলতা ও খরচ কমানোর জন্য আবাসিক, ব্যবসায়িক সহ বিভিন্ন ক্ষেত্রে যেমন-ঘড়ি, ক্যালকুলেটর, গাড়ী এমনকি কৃষি জমিতে সেচের ক্ষেত্রেও সোলার এনার্জি ব্যবহার করা হচ্ছে। অনেকদিন যাবত সোলার সেল আবিষ্কার হলেও এর বহুল ব্যবহার ও প্রসারে প্রধান অন্তরায় হয়ে দাঁড়িয়েছে এর দক্ষতা বা ইফিসিয়েন্সি। প্রথমদিকে যেসকল সোলার সেল ব্যবহার করা হতো তার দক্ষতা ৩-৪% বেশী হতো না। এই কারণে ইহা ব্যবহার করার জন্য অনেক সংখ্যক প্যানেল ব্যবহার করতে হতো, বিধায় ব্যয় অনেকাংশে বেড়ে যেত। কিন্তু বিগত দুই দশকে ক্যাটালিস্ট হিসাবে ন্যানোম্যাটেরিয়ালস ব্যবহারের ফলে সোলার সেলের দক্ষতা অনেকাংশে বৃদ্ধি পেয়েছে। প্রচলিত সোলার সেল গুলোর দক্ষতা কম হওয়ার অন্যতম কারণ হচ্ছে এদের আলোক রশ্মি শোষণ করার ক্ষমতা অনেক কম। উচ্চ শোষণ ক্ষমতা সম্পন্ন ন্যানোকণা কোটিং করে এদের শোষণ ক্ষমতা কয়েক গুণ বাড়ানো যায়, ফলে এরা বেশি আলোক শক্তিকে বিদ্যুৎ শক্তিতে রূপান্তর করতে পারে। কিছু ন্যানো কণা coating এর ফলে আলোক রশ্মির reflection কমে যায়। আমরা জানি সেল-এ রিফ্লেকশন বেশী হলে প্রাপ্ত আলোক শক্তি কমে যায়। তাই Anti-reflective ন্যানো কণা কোটিং করে রিফ্লেকশন কমানো তথা ইফিসিয়েন্সি বাড়ানো যায়। বিগত কয়েক বছরে কোয়ান্টাম ডট ব্যবহার করে সোলার সেলের ইফিসিয়েন্সি বাড়ানো যায়। কোয়ান্টাম ডট হচ্ছে এমন এক ন্যানো কণা যার আকার ৫

ন্যানোমিটার হয়ে থাকে। ফলে এক বর্গ সেন্টিমিটার-এর মধ্যে কয়েক বিলিয়ন কোয়ান্টাম ডট সহজে ধরে যায়, ফলে আলোর শোষণ বেড়ে যায় অর্থাৎ ইফিসিয়েন্সি বৃদ্ধি পায়। সাম্প্রতিক সময়ের সফলতা হলো ন্যানো পেইন্ট। South California University-র একদল গবেষক nanocrystal হতে ন্যানোপেইন্ট আবিষ্কার করেন। ন্যানোপেইন্টের মধ্যে প্রতিটি ক্রিস্টাল এক একটি সোলার সেল হিসেবে কাজ করে। অর্থাৎ কোন বাড়ীর বাইরে ন্যানোপেইন্ট দ্বারা রং করা হলে এটা সোলার প্যানেল হিসেবে কাজ করবে। এভাবে পাওয়া যাবে অফুরন্ত শক্তি। তাহলে প্রশ্ন হচ্ছে কেন এই ধরনের ন্যানোপেইন্ট বাণিজ্যিকভাবে ব্যবহার করা হচ্ছে না? আসলে এখন পর্যন্ত গবেষণাগারে যে ধরনের ন্যানোপেইন্ট আবিষ্কার করা হয়েছে। তার অন্যতম উপাদান হচ্ছে Cadmium, যা একটি toxic element হওয়ায় ব্যবহার করা স্বাস্থ্যের জন্য অত্যন্ত ঝুঁকিপূর্ণ। তাই এখন পর্যন্ত এটি ব্যবহারযোগ্য হয়ে উঠেনি। তবে বিজ্ঞানীরা গবেষণাগারে Cadmium -এর বিকল্প nanocrystal আবিষ্কারের প্রচেষ্টা চালাচ্ছেন যা হতে ন্যানোপেইন্ট তৈরী করা যায়। তাহলে তা হবে সোলার এনার্জির ক্ষেত্রে একটি বড় মাইল ফলক। এই সোলার এনার্জি ব্যবহারে বাধা হয়ে দাঁড়ায় সূর্যের আলোর অপ্রতুলতা, তথা মেঘলা দিন বা রাতের বেলায়। কি হবে সমাধান? এ জন্য সৌর শক্তিকে সংরক্ষণ করার জন্য ব্যবহার করা হয় ব্যাটারী। ব্যাটারী হচ্ছে সৌরশক্তি বা অন্য যেকোনো ধরনের শক্তিকে সঞ্চিত রাখার একটা বড় উপায়। প্রচলিত ব্যাটারীগুলোয় বিভিন্ন ধরনের রাসায়নিক পদার্থকে electrolyte ব্যবহার করা হয়ে থাকে। এই সকল ব্যাটারী একবার ionized হয়ে গেলে তা recharge করা যায় না। এর বিকল্প হিসেবে লিথিয়াম আয়ন ব্যাটারী আবিষ্কার হলো। লিথিয়াম-আয়ন ব্যাটারীতে গ্রাফাইট ন্যানোসীট হিসেবে ব্যবহার করা হয়। এতে করে ব্যাটারীর Storage capacity এবং time duration অনেক বেড়ে যায়, যা বর্তমান সময়ে মোবাইল, ঘড়ি, ক্যালকুলেটর এমনকি গাড়িতেও ব্যবহৃত হচ্ছে। কিন্তু এই ব্যাটারীর একটি সমস্যা হল এটি চার্জ নিতে অনেক সময় নেয়। আমরা দেখি আমাদের মোবাইল চার্জ হতে ২০/৩০ মিনিট বা তার চেয়ে বেশি সময় লেগে যায়। আবার এই সকল ব্যাটারী প্রস্তুতের খরচ ও বেশি। বর্তমান সময়ে শক্তি সঞ্চয়ের বিকল্প হিসেবে ক্যাপাসিটরের ব্যবহার চিন্তা করা হচ্ছে। আমরা জানি, ক্যাপাসিটর এর দুই দিকে conducting layer আর মাঝখানে dielectric layer থাকে। তাই এরা দুই দিকে চার্জ ধরে রাখতে পারে। বর্তমানে সময়ে ডাই ইলেকট্রিক লেয়ারের পরিবর্তে কার্বন ন্যানো সীট ব্যবহার করে তৈরি করা হচ্ছে সুপার ক্যাপাসিটর এবং এখানে বিলিয়ন বিলিয়ন কার্বন কণা থাকে ফলে চার্জ ধারণক্ষমতা অনেক গুণ বেড়ে যায়। এগুলোর power efficiency লিথিয়াম আয়রন ব্যাটারীর চেয়ে অনেক বেশি। এই সুপার ক্যাপাসিটর চার্জিং হতে কয়েক সেকেন্ড সময় নিবে, যা সত্যিই অবিশ্বাস্য। আমরা যদি একটি মোবাইলে বা গাড়িতে সুপার ক্যাপাসিটর ব্যবহার করি, তাহলে পূর্ণ চার্জ হতে ১০ সেকেন্ড সময় নেবে, চিন্তাই করা যায় না। এই সুপার ক্যাপাসিটর এর মত করে বাড়ি তৈরীর ইট ডিজাইন করা হচ্ছে। দেখা গেছে ৫০ টি ইট সম্পূর্ণ বাড়ির তড়িৎ শক্তির চাহিদা মিটাতে পারে। তার মানে আমরা যদি এই ধরনের ইট দ্বারা বাড়ি তৈরী করি আর তার বাইরে ন্যানো পেইন্ট করি তাহলে প্রতিটি বাড়ি হয়ে উঠবে এক একটি শক্তি ট্যাংক। ভবিষ্যতে এমনটার দিকেই ইংগিত করেছেন বিজ্ঞানীরা।



Prof. Dr. Mayeen Uddin Khandaker,

Professor, Applied Physics and Radiation Technology,

Sunway University, Malaysia &

Associate Editor, Radiation Physics and Chemistry (Elsevier)

Handling Editor, Physics Open (Elsevier)

Editor, Scientific Reports (nature Publishing Group)

Publish or Perish!

Recognising Predatory Platforms and Securing Your CV

The sole purpose of university education is the “creation” (discovery and innovation) and the “dissemination” of knowledge. The “Creation” of knowledge comes from research activities, while “dissemination” is the transfer of knowledge or information that is readily available in books, magazines, journals, etc.

Unfortunately, most of universities in third-world countries are engaged only in the dissemination of knowledge. For instance, in the knowledge transfer/dissemination system, one can hardly find any fundamental differences between an intermediate-level college and a university, particularly in Bangladesh. Albeit, a small group of lecturers and post-graduate students from different universities in Bangladesh are trying to involve them in the 'research and publication' business. Unfortunately, several factors such as lack of proper guidance from senior faculty members, poor management/guidance by the University Grant Commission, old or outdated government policy on university education, etc. created an environment to publish the research findings in predatory or fake journals/publishers. By publishing an article in a predatory or fake journal, a researcher can't achieve anything from the international community except the addition of 'garbage' or 'extra baggage' to his/her CV.

Any journal that is not indexed by 'Web of Science (Clarivate Analytics)' or 'Scopus (Elsevier)' is considered as a predatory or fake journal. The 'Web of Science' indexing platform consists of 'Science Citation Index (SCI)' and 'Science Citation Index Expanded (SCIE)' for science and engineering disciplines journals, 'Social Science Citation Index (SSCI)' for social science disciplines journals, and 'Arts & Humanities Citation Index (AHCI)' for arts & humanities disciplines journals. Note that, SCI and SCIE contain over 9622 journals across science and engineering disciplines, SSCI contains over 3575 journals across social science disciplines, and AHCI contains over 1,800 journals across arts & humanities disciplines.

In a nutshell, any journal indexed by 'SCI, SCIE, SSCI and AHCI' is considered as 'Institute of Scientific Information (ISI)' cited journal. Note that, All ISI-cited journals are indexed by Scopus but not all Scopus-cited journals are indexed by ISI. However, all ISI-cited journals usually have a non-zero 'impact factor' and are accepted worldwide. Authors having publications in ISI-cited journals are eligible to receive offers for academic jobs, promotions, scientific recognition, awards, etc. from universities and other platforms internationally. The total number of ISI/Scopus cited papers published by a university in a single year is also used as a barometer for determining the global ranking of that particular University. Remember, a journal indexed in 'Emerging Source Citation Index (ESCI)' under 'Web of Science' is also considered as a sub-standard journal, and all journals under the ESCI category do not have any impact factor, hence, are not accepted or recognized internationally.

One can easily check the indexing status of any journal by going to the homepage of that particular journal. You can see many indexing platforms such as CrossRef, CrossMark, DOI, SAO/NASA.ADS, INSPEC, Google Scholar, Georgetown University (USA), WorldCat libraries, WZB Electronic Journals, etc. is written on the journal home page, and such a journal is identified as a predatory or fake journal. Furthermore, many predatory journals show impact factors on the journal home page. Such an impact factor is 'bogus' or 'false'. Remember, the management of predatory journals normally targets individuals from 3rd world countries. They frequently send emails to the individuals for submitting manuscripts and assure the publication of a paper within a relatively short period, with or without a publication fee. Note that, an ISI journal authority never sends any email to individuals for submission of a manuscript (except if you are an established and leading scientist at the international level!). A list of potential predatory (mostly open-access) publishers is available at <https://beallslist.net/>.

In the case of book publication, several publishers such as Nova, Lambert, InTech Open, etc. are considered as predatory or fake publishers. Therefore, do not waste your time by sending your works or paying money to them for publication. A

list of predatory publishers is available at <https://predatoryjournals.com/publishers/#1>. Publishing your work on such a platform also add 'garbage' or 'extra baggage' to your CV.

Regarding conferences, nowadays many 'money making' conferences are frequently held here and there. Such conference organizers are relatively very cunning. They normally arrange such conferences in big cities, tourist places, hotels, etc. Their main purpose is to collect a good amount of money in the name of the registration fee. Generally, conferences organized by WASET, Conference Series, OMICS, etc. are identified as the money-making categories. A list of predatory conferences/conference organizers is available at

<https://libguides.caltech.edu/c.php?g=512665&p=3503029>. Participation in such conferences will not give any scientific knowledge except traveling to some places, and again participation record in such conferences, adds 'garbage' or 'extra baggage' to a CV.

Only conferences organized jointly by well-known scientific societies/leading universities/international organizations, etc. are good conferences, and one may achieve better knowledge, and find opportunities for collaborative research, job offers, etc. by participating in such conferences.



পদার্থবিজ্ঞান বিভাগ, বুয়েট- স্নাতকোত্তর শিক্ষার একটি অন্যতম প্রতিষ্ঠান


লেখকঃ অধ্যাপক ডঃ মোহাম্মদ জিল্লুর রহমান,

পদার্থবিজ্ঞান বিভাগ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়।


বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট)-এর পদার্থবিজ্ঞান বিভাগ ১৯৬২ সালে বিশ্ববিদ্যালয়ের সূচনালগ্ন থেকে প্রকৌশল অনুষ্ঠানের অধীনে একটি পূর্ণাঙ্গ বিভাগ হিসেবে যাত্রা শুরু করে। শুরু থেকেই বিভাগটি স্নাতক পর্যায়ে প্রকৌশল ও স্থাপত্য বিভাগের শিক্ষার্থীদের জন্য পদার্থবিজ্ঞানের বিভিন্ন বিষয়ের উপর যুগোপযোগী কোর্স অফার করে আসছে। বিভাগটি তাত্ত্বিক জ্ঞানের পরিপূরক প্রকৌশল শিক্ষায় পরীক্ষামূলক ভিত্তি প্রদানের জন্য পর্যাপ্ত পরীক্ষাগার সুবিধাদী প্রদান করে থাকে। এই বিভাগে ১৯৮২ সালে স্নাতকোত্তর প্রোগ্রাম (এম. ফিল. এবং পিএইচ. ডি.) চালু করা হয়। পরবর্তীতে ২০১৪ সালে মাস্টার্স (এম. এসসি.) প্রোগ্রাম চালু হয়। বর্তমানে বিভাগে ১০ জন অধ্যাপক, ০৬ জন সহযোগী অধ্যাপক, ০২ জন সহকারী অধ্যাপক এবং ০২ জন প্রভাষক কর্মরত আছেন। এদের মধ্যে প্রায় সকল শিক্ষকই (১৬ জন) দেশে এবং বিদেশে উচ্চ শিক্ষা (পিএইচ. ডি.) গ্রহণ শেষে অত্র বিভাগে বিভিন্ন ক্ষেত্রে গবেষণায় যুক্ত আছেন। বিশ্ববিদ্যালয়ের মৌলিক কাজগুলোর মধ্যে অন্যতম হচ্ছে নতুন নতুন শিক্ষার ক্ষেত্র তৈরি করা। এ লক্ষ্যে অত্র বিভাগে স্নাতকোত্তর পর্যায়ে তিনটি প্রধান শাখা যথাঃ ১. সলিড

স্টেট ফিজিক্স, ২. বায়োফিজিক্স, মেডিক্যাল ফিজিক্স ও হেলথ ফিজিক্স এবং, ৩. অ্যাটমোস্ফেরিক ফিজিক্স-বিষয়ে গবেষণা কার্যক্রম পরিচালনা করে আসছেন। এই সকল বিষয়ের উপর প্রতিবছরই উন্নতমানের গবেষণা প্রবন্ধ

এবং অ্যাটমোস্ফেরিক ফিজিক্স ল্যাবরেটরী রয়েছে, যা দেশী ও বিদেশী গবেষক ও গবেষণা প্রতিষ্ঠানের সাথে সংযোগ রক্ষা করে বিভিন্ন ধরনের গবেষণা সম্পন্ন করে আসছে। এই বিভাগে প্রায় প্রতি বছর এপ্রিল ও অক্টোবর এই দুই সেমিস্টারে স্নাতকোত্তর প্রোগ্রাম (এম. এসসি., এম. ফিল. এবং পিএইচ. ডি.)-এ নিয়মিত ছাত্রছাত্রী ভর্তি করা হয়। এসকল প্রোগ্রামে ভর্তির যোগ্যতা এবং ভর্তি সঙ্ক্রান্ত তথ্য বিভাগের ওয়েবসাইটে (<https://phy.buet.ac.bd>) প্রদান করা আছে। এ পর্যন্ত অত্র বিভাগ হতে ৩০ জনেরও অধিক শিক্ষার্থী পিএইচ.ডি. ডিগ্রী, ২৪০ জনের অধিক শিক্ষার্থী এম. ফিল. এবং ৫২ জনের অধিক শিক্ষার্থী এম. এসসি. ডিগ্রী অর্জন করেছেন। বিভাগীয় অফিস এবং পরীক্ষাগারগুলি বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের পুরনো একাডেমিক ভবন (OAB) এ অবস্থিত। স্নাতকোত্তর প্রোগ্রামগুলি মূলত শিক্ষার্থীদেরকে পদার্থবিদ্যার বিভিন্ন ক্ষেত্রে মৌলিক, প্রয়োগকৃত এবং উন্নত কোর্স শেখানোর জন্য এবং মৌলিক এবং প্রয়োগের পাশাপাশি উন্নত গবেষণা কাজের নতুন পথ তৈরি করার কথা মাথায় রেখে তৈরি এবং শুরু করা হয়। কোর্সের পাঠ্যক্রম এবং গবেষণা কাজের মান উন্নয়নই এমনভাবে ডিজাইন করা হয়েছে যা আন্তর্জাতিক মান বজায় রাখতে সক্ষম। বিভিন্ন ক্ষেত্রে দক্ষ ক্যারিয়ার গড়ার জন্য উচ্চতর ডিগ্রি অর্জন করতে ইচ্ছুক শিক্ষার্থীদের জন্য বুয়েটের পদার্থবিজ্ঞান বিভাগ একটি উপযুক্ত স্থান। বিভাগে উল্লিখিত ক্ষেত্রগুলিতে অধ্যয়নের মাধ্যমে শিক্ষার্থীরা দক্ষ ক্যারিয়ার



প্লাজমা পলিমারাইজড থিন ফিল্ম



পলিমার ন্যানো কম্পোজিট

আন্তর্জাতিক পর্যায়ের বিভিন্ন পিয়ার রিভিউড জার্নালে প্রকাশ হচ্ছে। শুধু তাই নয়, বিশ্বের সাথে তাল মিলিয়ে স্নাতকোত্তর বিষয়সমূহের পাঠ্যক্রম প্রতিনিয়ত পরিমার্জন ও পরিবর্ধন করা হয় এবং দেশী ও বিদেশী বিভিন্ন সংস্থার এবং মন্ত্রণালয়ের অর্থায়নে যুগোপযোগী গবেষণা কার্যক্রম পরিচালনা করা হয়ে থাকে। স্নাতকোত্তর পর্যায়ে এই বিভাগে উন্নতমানের গবেষণা যন্ত্রাদি সম্বলিত ম্যাগনেটিজম, ক্রিস্টাল গ্রোথ, থিন ফিল্ম, পলিমার ফিজিক্স, ন্যানোকম্পোজিট, ন্যানোটেকনোলজী, মেডিক্যাল ও বায়ো ফিজিক্স,

গড়ে তুলতে সক্ষম হচ্ছে। তথাপি, বুয়েটের পদার্থবিজ্ঞান বিভাগে স্নাতক পর্যায়ে শিক্ষার সুযোগ না থাকায় এই বিভাগের কার্যক্রম পুরোপুরি সফল হচ্ছে না। আমি বিশ্বাস করি, বুয়েটের পদার্থবিজ্ঞান বিভাগ কর্তৃক স্নাতক পর্যায়ে শিক্ষাদান চালু হলে স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ের মধ্যে সুদৃঢ় সংযোগ স্থাপন সম্ভব হবে। অন্যদিকে, এই ধরনের কর্মসূচী শিক্ষার্থীদেরকে তাদের দক্ষতা ও সক্ষমতা গড়ে তুলতে এবং বিকাশ করতে সাহায্য করবে, যাতে তারা দেশের উন্নয়নে অবদান রাখতে পারে।

দ্বিতীয় বিশ্বযুদ্ধ পূর্বাঙ্গের বিশ্বে পরমাণু গবেষণা

মোহাম্মদ সায়েম মাহমুদ, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন।

১৯১৪ হতে ১৯১৮ সাল ছিল প্রথম বিশ্বযুদ্ধ এবং ১৯৩৯ হতে ১৯৪৫ সাল ছিল দ্বিতীয় বিশ্বযুদ্ধ। মধ্যবর্তী সময়কালটা ছিল বিশ্বের জাতিগত সমঝোতা ও ভৌগোলিক মানচিত্র নির্ধারণের কূটনৈতিক তৎপরতায় ব্যস্ত। এত ডামডালের মধ্যেও পারমাণবিক বিকিরণ, গঠন এবং বিক্রিয়া সংক্রান্ত মৌলিক গবেষণা এগিয়ে চলছিল যা ছিল ভবিষ্যৎ প্রযুক্তির এই প্রযুক্তিই নিয়ন্ত্রণ করেছিল মানব জাতির রাজনৈতিক ইতিহাস যা আমরা সকলেই জানি। বিষয়টির গুরুত্ব বুঝতে পেরে ১৯৪৫ সালের পর উন্নত দেশ সমূহের সরকার বিজ্ঞান ও প্রযুক্তির পৃষ্ঠপোষকতার জন্য বিভিন্ন প্রতিষ্ঠান ও সংস্থা স্থাপন করে।

